# ৫০তম BCS প্রিলিমিনারি




পূর্ণমান : ২০০
সময় : ০২ ঘণ্টা

*[মোট প্রশ্ন ২০০ (দুইশত)টি। প্রতিটি প্রশ্নের ৪টি উত্তরের মধ্যে একটি সঠিক উত্তর রয়েছে। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন; তবে ভুল উত্তর দিলে প্রতিটি ভুল উত্তরের জন্য মোট প্রাপ্ত নম্বর থেকে ০.৫ (শূন্য দশমিক পাঁচ) নম্বর করে কাটা যাবে।]*

সেট নম্বর-৪
কোড নাম : ধরলা

**১. কোন বাক্যটি প্রয়োগগত দিক থেকে শুদ্ধ?**
ক. মাছ আকাশে উড়ে।
খ. তাঁর খুব আনন্দ পেল।
গ. আবশ্যক ব্যয়ে কার্পণ্য অনুচিত।
ঘ. সকল ছাত্রগণ পাঠে মনোযোগী। উ: গ

**২. 'স্বর্গ' শব্দের সঠিক সমার্থক শব্দজোড়া কোনটি?**
ক. হরিদশ্ব, বিবদান খ. ক্ষিতি, উর্বী
গ. দিনমণি, দিন নাথ ঘ. ত্রিদিব, সুরপুর উ: ঘ

**৩. কিশোর পত্রিকা 'বালক' প্রতিষ্ঠা কার অমর কীর্তি?**
ক. স্বর্ণকুমারী দেবী খ. সেলিনা হোসেন
গ. আল মাহমুদ ঘ. কাদম্বরী দেবী উ: ক

**৪. 'ই' এর মাত্রার উপরের অংশের নাম কী?**
ক. চৈতন খ. আঁকড়ি
গ. পাগড়ি ঘ. জোড় আঁকড়ি উ: ক

**৫. 'প্রাচ্য' শব্দের বিপরীত শব্দ কোনটি?**
ক. প্রতীচ্য খ. প্রাচ্যহীন
গ. অপ্রাচ্য ঘ. নবীন উ: ক

**৬. বাংলা পুঁথি সাহিত্যের উদাহরণ কোনটি?**
ক. নূরনামা খ. আমীর হামজা
গ. গুপি চন্দ্রের সন্ন্যাস ঘ. মহুয়া উ: খ

**৭. 'কাআ তরুবর পঞ্চ বি ডাল'-পদটির রচয়িতা কে?**
ক. লুইপা খ. ভুসুকুপা
গ. শবরপা ঘ. কাহ্নপা উ: ক

**৮. একটি স্বরধ্বনির প্রভাবে শব্দে অপর স্বরের পরিবর্তন ঘটলে তাকে বলে-**
ক. অভিশ্রুতি খ. অপিনিহিতি
গ. সমীভবন ঘ. স্বরসঙ্গতি উ: ঘ

**৯. কোনটি কাজী নজরুল ইসলামের প্রবন্ধ গ্রন্থ?**
ক. মৃত্যুক্ষুধা খ. সিন্ধু-হিন্দোল
গ. যুগবাণী ঘ. অগ্নিবীণা উ: গ

**১০. 'রাজপথ' শব্দের ব্যাসবাক্য কোনটি?**
ক. রাজা ও পথ খ. রাজার পথ
গ. বিশাল পথ ঘ. পথের রাজা উ: ঘ

**১১. 'বিষণ্ন' শব্দটির সঠিক বিশেষ্য রূপ কোনটি?**
ক. বিষাদ খ. বিষণ্ণ
গ. বিষাক্ত ঘ. বিষয় উ: ক

**১২. মুক্তিযুদ্ধকে উপজীব্য করে 'যাত্রা' উপন্যাসটি লিখেছেন-**
ক. শওকত ওসমান খ. শহিদুল জহির
গ. শওকত আলী ঘ. সেলিনা হোসেন উ: গ

**১৩. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের 'কবি' গ্রন্থটিতে কোন বিষয়টি প্রাধান্য পেয়েছে?**
ক. অসম ভালোবাসা
খ. আদিবাসীদের জীবনচিত্র
গ. ডোম সম্প্রদায়ের জীবন কাহিনি
ঘ. পঞ্চাশের মন্বন্তর উ: গ

**১৪. কোন কবি 'মজলুম আদিব' ছদ্মনামে কবিতা লিখতেন?**
ক. আল মাহমুদ খ. হেলাল হাফিজ
গ. নির্মলেন্দু গুণ ঘ. শামসুর রাহমান উ: ঘ

**১৫. 'ঢাকা মুসলিম সাহিত্য সমাজ' কত সালে প্রতিষ্ঠিত হয়?**
ক. ১৯২০ সালে খ. ১৯২৬ সালে
গ. ১৯২৫ সালে ঘ. ১৯৩০ সালে উ: খ

**১৬. ১৩৫০ বঙ্গাব্দের দুর্ভিক্ষ নিয়ে রচিত উপন্যাস কোনটি?**
ক. ইছামতী খ. অশনি সংকেত
গ. আরণ্যক ঘ. বিষাদসিন্ধু উ: খ

**১৭. মৈয়মনসিংহ গীতিকা কয়টি ভাষায় অনূদিত হয়েছে?**
ক. ২৩টি খ. ২০টি
গ. ২২টি ঘ. ২৫টি উ: ক

**১৮. 'ফিকা কমলা রং'- এখানে ফিকা অর্থ কী?**
ক. অনুজ্জ্বল খ. উজ্জ্বল
গ. তীব্র ঘ. ঝাঁঝালো উ: ক

**১৯. কোনটি বাউল গানের বৈশিষ্ট্য?**
ক. বীরত্বগাথা ও ভক্তিমূলক
খ. মানবিক আবেগ ও দৈনন্দিন জীবন
গ. আধ্যাত্মিক প্রেম ও অন্তর্গত অনুসন্ধান
ঘ. পল্লি জীবনের সুখ-দুঃখ উ: গ

২০. আধুনিক বাংলা নাটক মূলত কয়টি পর্বে বিভক্ত?
ক. ৬টি খ. ৪টি
গ. ৫টি ঘ. ৭টি উ: গ

২১. পুঁথি সাহিত্যে প্রাচীনতম লেখক কে?
ক. ভারতচন্দ্র রায় খ. কাজী দৌলত
গ. আবদুল হাকিম ঘ. ফকির গরীবুল্লাহ উ: ঘ

২২. কোন বানানটি শুদ্ধ?
ক. নিশিথিনি খ. কথোপকথন
গ. পিপিলিকা ঘ. সমিচিন উ: খ

২৩. 'মা তাঁর সন্তানদের ভালোবাসেন'- এটি কোন ধরনের বাক্য?
ক. ইচ্ছাসূচক খ. অনুজ্ঞাসূচক
গ. প্রশ্নবোধক ঘ. অস্তিবাচক উ: ঘ

২৪. জসীমউদ্দীনের 'কবর' কবিতাটি কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?
ক. তত্ত্ববোধিনী খ. ধূমকেতু
গ. কালি ও কলম ঘ. কল্লোল উ: ঘ

২৫. 'ময়দান, মুনাফা, বই' শব্দ তিনটি কোন ভাষা থেকে আগত?
ক. উর্দু খ. ফারসি
গ. আরবি ঘ. পর্তুগিজ উ: গ

২৬. 'পরমেশ' শব্দটির সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. পরম + এশ খ. পরম + ঈশ
গ. পরম + ইশ ঘ. পরম+ ইস উ: খ

২৭. কোন বাক্যে সমধাতুজ কর্ম রয়েছে?
ক. সে বই পড়ছে। খ. সে গভীর চিন্তায় মগ্ন।
গ. আজ এমন ঘুম ঘুমিয়েছি! ঘ. সে খেলা করছে। উ: গ

২৮. 'আকাশ ও পৃথিবীর অন্তরাল'- এক কথায় প্রকাশ করলে সঠিক উত্তর কী হবে?
ক. স্ফুলিঙ্গ খ. রোদসী
গ. পীতাভ ঘ. আরক্ত উ: খ

২৯. কোনটি 'ভাত' এর প্রতিশব্দ?
ক. অলিপিক খ. প্রভঞ্জন
গ. মহি ঘ. তণ্ডুল উ: ঘ

৩০. 'বেতার, বিপত্নীক'-শব্দ দুটি কোন সমাসের উদাহরণ?
ক. নঞ তৎপুরুষ, বহুব্রীহি খ. কর্মধারয়, বহুব্রীহি
গ. অব্যয়ীভাব, তৎপুরুষ ঘ. তৃতীয়া তৎপুরুষ, দ্বিগু সমাস উ: ক

৩১. কোন গুচ্ছের সবগুলো বানানই শুদ্ধ?
ক. সারথী, নিরীহ, নীরোগ খ. প্রমান, অঙ্গন, দর্পণ
গ. অনাথা, সুকণ্ঠী, অনুস্টেয় ঘ. একত্রিত, স্থায়িত্ব, অর্ধাঙ্গিনী উ: ক

৩২. **In Gulliver's Travels, which of these traits Swift does not show in his depiction of the land of the Lilliput?**
ক. pride খ. lies
গ. peace & wisdom ঘ. silly rules উ: গ

৩৩. **'To have a shot' means-**
ক. to open fire খ. to take a photograph
গ. to make a try ঘ. to test a gun উ: গ

৩৪. **The killing of albatross in *The Rime of the Ancient Mariner was* indicative of-**
ক. a trigger-happy Mariner
খ. the essential irrationality of man
গ. a superstitious Mariner
ঘ. the Mariner as a skillful fowler উ: খ

৩৫. **In William Shakespeare's play As you Like It, the Seven Ages of Man speech was delivered by.**
ক. Oliver খ. Orlando
গ. Jaques ঘ. Rosalind উ: গ

৩৬. **The book that she recommended turned out to be very helpful. Here the underlined clause is a-**
ক. relative clause খ. noun clause
গ. adverbial clause ঘ. independent clause উ: ক

৩৭. **Candidates are required to get ___ the centre before 09:00 AM.**
ক. at খ. to
গ. in ঘ. into উ: খ

৩৮. **Identify the compound sentence-**
ক. Either you do it or you will be fined
খ. Unless you do it, you will be fined
গ. Do it or I shall fine you
ঘ. You have to do it, otherwise I will fine you উ: গ

৩৯. **Which novel chronicles intense, destructive love fueling multigenerational cruelty & obsession?**
ক. Jane Eyre খ. Emma
গ. Wuthering Heights ঘ. Persuasion উ: গ

৪০. **Identify the incorrect spelling-**
ক. diletante খ. homonym
গ. cromulent ঘ. accubation উ: ক,ঘ

৪১. **'You will need a variety of skills, including leadership, endurance etc.' In this sentence the word 'including' is a-**
ক. conjunction খ. gerund
গ. participle ঘ. preposition উ: ঘ

৪২. **Themes like racial prejudice, oppressive power dynamics, unbridgeable gulf between Eastern & Western cultures, etc. are best exemplified in-**
ক. Shadow of the Moon by MM Kaye
খ. Bhowani Junction by John Masters
গ. Kim by Rudyard Kipling
ঘ. A Passage to India by EM Forster উ: ঘ

**৪৩. 'Helena said I took the laptop home with me.' Its indirect form is-**
ক. Helena said that she took the laptop home with her
খ. Helena said that she had taken the laptop home with her
গ. Helena confirmed that she has taken the laptop home with her
ঘ. Helena told that she had the laptop taken home with her
উ: খ

**৪৪. Which of these works contains a defence of the right of freedom of speech and expression?**
ক. Holy Living and Holy Dying
খ. Areopagitica
গ. Religio Medici
ঘ. A Free Man's Worship
উ: খ

**৪৫. Identify the sentence where 'up' functions as a noun-**
ক. He turned the volume up.
খ. Business confidence is on the up.
গ. We live just up the road.
ঘ. Our system should be up by afternoon.
উ: খ

**৪৬. Which of these is not characteristic of English Romantic Poetry?**
ক. Ordinary life
খ. Everyday language
গ. Expression of feelings rather than action or plot
ঘ. Inane and gaudy phraseology
উ: ঘ

**৪৭. A synonym of the word 'crepuscular' is-**
ক. nocturnal খ. diurnal
গ. cathemeral ঘ. twilit
উ: ঘ

**৪৮. 'Poetry is the spontaneous overflow of powerful feeling: it takes its origin from emotion recollected in tranquility' is a statement ascribed to-**
ক. Coleridge খ. William Wordsworth
গ. TS Eliot ঘ. IA Richards
উ: খ

**৪৯. 'It is no good falling in love at first sight'. Here the word "falling" is a/an-**
ক. participle খ. infinitive
গ. gerund ঘ. verbal noun
উ: গ

**৫০. Which one is a coordinating conjunction?**
ক. since খ. lest
গ. as ঘ. so
উ: ঘ

**৫১. An element required in a paragraph for smooth flow of ideas is called a-**
ক. transition sentence খ. topic sentence
গ. supporting sentence ঘ. concluding sentence
উ: ক

**৫২. What gender is the word 'monarch'?**
ক. masculine খ. feminine
গ. neuter ঘ. common
উ: ঘ

**৫৩. In which of these poems did Matthew Arnold express a pessimistic worldview, reflecting on a world full of conflicts and lacking in joy, evincing an implicit criticism of Victorian era's aggressive spirit?**
ক. Scholar Gipsy খ. Dover Beach
গ. Rugby Chapel ঘ. Immortality
উ: খ

**৫৪. A very large building in which aircraft are housed is called a/an-**
ক. terminal খ. aerodrome
গ. hanger ঘ. hangar
উ: ঘ

**৫৫. The lines 'A Book of Verses underneath the Bough,/A Jug of Wine, a Loaf of Bread-and Thou/Beside me singing in the Wilderness....' are taken from a famous translation work by-**
ক. Scott Fitzgerald খ. Edward Fitzgerald
গ. William Fitzgerald ঘ. Gerald Fitzgerald
উ: খ

**৫৬. 'The villagers believed that he was an honest leader.' Passive form of this sentence is-**
ক. He was believed to be an honest leader
খ. He was believed to have been an honest leader
গ. He has been believed to be an honest leader
ঘ. He was believed he was an honest leader
উ: ক

**৫৭. The saying 'Every cloud has its silver lining' means-**
ক. bad weather is often replaced by good weather
খ. clouds often have shining surroundings
গ. every difficult situation has a more hopeful aspect though not apparent at the beginning
ঘ. clouds and sunshine go hand in hand
উ: গ

**৫৮. What is the antonym of 'percipience'?**
ক. shrewdness খ. dullness
গ. discerning ঘ. astuteness
উ: খ

**৫৯. Which functions both as a transitive and an intransitive verb?**
ক. sleep খ. arrive
গ. break ঘ. die
উ: গ

৬০. 'Let me not to the marriage of true minds/ Admit impediments; love is not love/Which alters when it alteration finds'. Lines taken from a sonnet by __.
ক. Spencer খ. Petrarch
গ. Shakespeare ঘ. Donne উ: গ

৬১. Which play is filled with nonsensical conversations, meaningless dialogues, and characters who often become forgetful?
ক. Pygmalion খ. The Skin Game
গ. Waiting for Godot ঘ. Candida উ: গ

৬২. $\frac{2}{5}, \frac{3}{5}$ ও $\frac{6}{15}$ ভগ্নাংশগুলোর লঘিষ্ঠ সাধারণ গুণিতক (ল.সা.গু) হবে-
ক. $\frac{7}{5}$ খ. $\frac{6}{5}$
গ. $\frac{1}{15}$ ঘ. $\frac{6}{15}$ উ: খ

৬৩. যদি $\frac{a}{b} = \frac{b}{c} = \frac{2}{3}$ হয়, তবে a : c এর মান কত হবে?
ক. 2 : 3 খ. 3 : 4
গ. 4 : 9 ঘ. 9 : 4 উ: গ

৬৪. একটি সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য 8 মিটার হলে, এর ক্ষেত্রফল হবে-
ক. $8\sqrt{3}$ খ. $8\sqrt{5}$
গ. $16\sqrt{3}$ ঘ. $16\sqrt{5}$ উ: গ

৬৫. A = {x : x স্বাভাবিক সংখ্যা এবং x < = 5 হলে}, P(A) এর উপাদান সংখ্যা হবে-
ক. 64 খ. 32
গ. 16 ঘ. 8 উ: খ

৬৬. যদি $0 < x < 1$ হয়, তবে নিচের কোনটি সবচেয়ে বড় হবে?
ক. x খ. 2x
গ. $x^2$ ঘ. x + 1 উ: ঘ

৬৭. $x^4 - 2x + 1$ কে $x - 3$ দিয়ে ভাগ করলে ভাগশেষ কত হবে?
ক. 2 খ. 81
গ. 0 ঘ. 76 উ: ঘ

৬৮. মুনাফার হার কত হলে কিছু পরিমাণ টাকা চক্রবৃদ্ধি হারে 10 বছরে দ্বিগুণ হবে-
ক. 5.17% খ. 6.17%
গ. 7.17% ঘ. 8.17% উ: গ

৬৯. $|3x - 1| < 2$ এর সমাধান সেট হবে-
ক. $\left(\frac{-1}{3}, 0\right)$ খ. $\left(\frac{-1}{3}, \infty\right)$
গ. $\left(\frac{-1}{3}, 1\right)$ ঘ. $\left(\infty, \frac{1}{3}\right)$ উ: গ

৭০. $-1 + \frac{1}{2} - \frac{1}{4} + \frac{1}{8} - \frac{1}{16} +$ অসীম ধারাটির যোগফল হবে-
ক. $\frac{-2}{3}$ খ. $\frac{-3}{2}$
গ. $\frac{2}{3}$ ঘ. $\frac{3}{2}$ উ: ক

৭১. যদি $x + \frac{1}{x} = 0$ হয়, তবে $\sqrt{x} + \frac{1}{\sqrt{x}}$ এর মান কত?
ক. 0 খ. 1
গ. 2 ঘ. $\sqrt{2}$ উ: ঘ

৭২. 40 থেকে 50 এর মধ্যে একটি সংখ্যা দৈবভাবে নেয়া হলে এটি মৌলিক *(Prime)* হওয়ার সম্ভাবনা কত?
ক. $\frac{3}{11}$ খ. $\frac{1}{2}$
গ. $\frac{5}{11}$ ঘ. $\frac{4}{11}$ উ: ক

৭৩. ABSCISSA শব্দটির বর্ণগুলিকে নিয়ে কত প্রকারে বিন্যাস করা যায়?
ক. 10080 খ. 6720
গ. 3360 ঘ. 3359 উ: গ

৭৪. $x^2 - (p + q)x + pq = 0$ এর সমাধান সেট হবে-
ক. {p, q} খ. {p, – q}
গ. {– p, q} ঘ. {– p, – q} উ: ক

৭৫. $3 + \frac{3}{2} + \frac{3}{4} + \ldots\ldots + \frac{3}{64}$ ধারাটিতে মোট কতটি পদ আছে?
ক. 5 খ. 6
গ. 7 ঘ. 8 উ: গ

৭৬. $\left(x^2 - 2 + \frac{1}{x^2}\right)^7$ এর বিস্তৃতিতে মধ্যপদ কততম পদটি?
ক. পঞ্চম খ. সপ্তম
গ. অষ্টম ঘ. নবম উ: গ

৭৭. একটি ত্রিভুজের তিনটি কোণের পরিমাণ x, $\frac{x}{2}$ ও $\frac{3x}{2}$। ক্ষুদ্রতম কোণের মান রেডিয়ানে কত হবে?
ক. $\frac{\pi}{6}$ খ. $\frac{\pi}{3}$
গ. $\frac{\pi}{2}$ ঘ. $\frac{2\pi}{3}$ উ: ক

৭৮. $2x^2 + 3x + 1$ এর ক্ষুদ্রতম মান হবে-
ক. $\frac{-3}{4}$ খ. $\frac{-1}{8}$
গ. $\frac{1}{8}$ ঘ. $\frac{3}{4}$ উ: খ

৭৯. সেট {2,3,4} এর প্রকৃত উপসেট কয়টি-
ক. 3 খ. 7
গ. 8 ঘ. 9 উ: খ

৮০. K এর কোন মানের জন্য $5x + 4y - 1 = 0$ এবং $2x + Ky - 7 = 0$ সরলরেখা দুটি সমান্তরাল?

ক. $\frac{5}{8}$ খ. $\frac{8}{5}$

গ. $\frac{5}{2}$ ঘ. $\frac{-8}{5}$ উ: খ

৮১. 2, 3, 4 এবং 7 সংখ্যাগুলির গড় বিচ্যুতি কত?

ক. 0 খ. $\frac{2}{3}$

গ. $\frac{3}{2}$ ঘ. 4 উ: গ

৮২. যদি $\log_x 324 = 4$ হয়, তবে x এর মান হবে-

ক. 4 খ. $2\sqrt{3}$

গ. $3\sqrt{3}$ ঘ. $3\sqrt{2}$ উ: ঘ

৮৩. সমান দৈর্ঘ্যের দুইটি দড়ির একটি দিয়ে আয়তক্ষেত্রাকার বেষ্টনী তৈরী করা হয় এবং অপরটি দিয়ে বর্গক্ষেত্রাকার বেষ্টনী তৈরী করা হয়। কোন তথ্যটি সত্য?

ক. আয়তক্ষেত্রের ক্ষেত্রফল বর্গক্ষেত্রের চেয়ে বেশী

খ. বর্গক্ষেত্রের ক্ষেত্রফল আয়তক্ষেত্রের চেয়ে বেশী

গ. উভয়ের ক্ষেত্রফল সমান

ঘ. কোনটির ক্ষেত্রফল বেশী বা উভয়ের ক্ষেত্রফল সমান কিনা তা বর্ণিত তথ্য থেকে নির্ণয় করা সম্ভব নয় উ: খ

৮৪. ০.৫ × ০.০৫ × ০.০০৫ = ?

ক. ০.১২৫ খ. ০.০১২৫

গ. ০.০০১২৫ ঘ. ০.০০০১২৫ উ: ঘ

৮৫. এখন জানুয়ারি মাস হলে এখন থেকে ১০০ মাস পর কোন মাস হবে?

ক. মে খ. মার্চ

গ. এপ্রিল ঘ. ফেব্রুয়ারি উ: ক

৮৬. একটি বাক্সের মধ্যে একটি পেন্সিল আছে। বাক্সটি একটি তাকের উপরে অবস্থান করছে। তাকটি জানালার নিচে অবস্থান করছে। তাহলে নিচের কোন বাক্যটি উপরের বর্ণনার জন্য প্রযোজ্য হবে?

ক. পেন্সিলটি জানালার নিচে আছে

খ. পেন্সিলটি জানালার উপরে আছে

গ. পেন্সিলটি জানালার মধ্যে অবস্থান করছে

ঘ. বাক্সটি পেন্সিলের নিচে অবস্থান করছে উ: ক

৮৭. কোনটি সঠিক বানান?

ক. Gazete খ. Gazzete

গ. Gaggete ঘ. Gazette উ: ঘ

৮৮. এহসান টেবিলের উপর চায়ের কাপের হ্যাণ্ডেলটি পূর্বদিকে করে রাখল। সে ঘড়ির কাঁটা যেদিকে ঘোরে সেদিকে চায়ের কাপটি ১৮০° ঘোরালো। এখন চায়ের কাপের হ্যাণ্ডেলটি থাকবে-

ক. পশ্চিম দিকে খ. দক্ষিণ দিকে

গ. উত্তর দিকে ঘ. পূর্ব দিকে উ: ক

৮৯. লামিয়া একটি শ্রেণীর সামনে থেকে নবম এবং পিছন থেকে ৩৬তম হলে শ্রেণীতে শিক্ষার্থী কতজন?

ক. ৪৪ খ. ৪৫

গ. ৪৬ ঘ. ৪৮ উ: ক

৯০. ঘড়ির ঘণ্টার কাঁটা ও মিনিটের কাঁটা একদিনে কতবার মিলিত হয়?

ক. ১২ খ. ১৮

গ. ২২ ঘ. ২৪ উ: গ

৯১. একটি কঠিন ঘনক অর্ধেক পানির উপরে ও অর্ধেক পানির নিচে ভাসছে। আপনি যদি ঘনকটি পানির মধ্যে ২ সে.মি. গভীরে ঠেলে দেন এবং তারপর সেটিকে ছেড়ে দেন, তাহলে কি ঘটবে?

ক. ঘনকটি পানির ২ সে.মি. গভীরে থাকবে

খ. ঘনকটি সম্পূর্ণভাবে ডুবে যাবে

গ. ঘনকটি আবার অর্ধেক ডুবে থাকা ও অর্ধেক ভেসে থাকা অবস্থায় ফিরে আসবে

ঘ. ঘনকটি প্রথমে যতটুকু ভেসে ছিল তার চেয়ে উপরে উঠবে উ: গ

৯২. যদি একটি গাড়ির গতি দ্বিগুণ করা হয়, তবে গাড়িটির গতিশক্তি পূর্বের গতিশক্তির কতগুণ হবে?

ক. ০.৫ খ. ২

গ. ০.২৫ ঘ. ৪ উ: ক

৯৩. একটি আয়না থেকে একটি বস্তু আয়নার পৃষ্ঠ থেকে পৃষ্ঠের লম্ব বরাবর সেকেন্ডে ১০ সে.মি. বেগে চলতে শুরু করল। ৪ সেকেন্ড পর বস্তুটি ও তার প্রতিবিম্বের মধ্যে দূরত্ব কত হবে?

ক. ৪০ সে.মি. খ. ১৬০ সে.মি.

গ. ৮০ সে.মি. ঘ. ০ সে.মি. উ: গ

৯৪. জারিনের জন্ম ২৯ ফেব্রুয়ারি। তার জন্মগ্রহণের সাল কোনটি হতে পারে?

ক. ২০০২ খ. ২০০৪

গ. ২০০৬ ঘ. ২০১০ উ: খ

৯৫. জলবায়ু পরিবর্তন সংক্রান্ত জাতিসংঘ ফ্রেমওয়ার্ক কনভেনশনের (UNFCCC) প্রথম কনফারেন্স অফ দ্য পার্টিস (COP) কোন শহরে অনুষ্ঠিত হয়েছিল?

ক. কোপেনহেগেন খ. প্যারিস

গ. ওয়ারশ ঘ. বন উ: নোট

নোট: ১ম COP সম্মেলন অনুষ্ঠিত হয় জার্মানির বার্লিন শহরে।

৯৬. বাংলাদেশের উচ্চফলনশীল (উফশী) জাতের ধান ও গমের নাম যথাক্রমে-

ক. হরিধান, রূপালী খ. ইরাটম, বর্ণালী

গ. ব্রি-শাইল, বলাকা ঘ. হীরা, উত্তরণ উ: গ

৯৭. কোনটি UNESCO 'Intangible Cultural Heritage' এর অন্তর্ভুক্ত?

ক. একুশে ফেব্রুয়ারি খ. পহেলা বৈশাখ

গ. বাউল গান ঘ. জামদানি বয়ন শিল্প উ: গ

৯৮. '____ কনভেনশন' বিপজ্জনক বর্জ্যের আন্তঃসীমান্ত পরিবহন নিয়ন্ত্রণ করে।

ক. স্টকহোম খ. রোটারডাম

গ. বাসেল ঘ. মিনামাটা উ: গ

৯৯. পারস্য উপসাগর থেকে জ্বালানি তেলের প্রবাহ রক্ষায় মার্কিন যুক্তরাষ্ট্র তাদের '____ ডকট্রিন' অনুসরণ করে।
ক. মনরো খ. ট্রুম্যান
গ. বুশ ঘ. কার্টার উ: ঘ

১০০. সংবাদপত্রের স্বাধীনতা কোন ধরনের অধিকার?
ক. ব্যক্তিগত খ. সামাজিক
গ. রাষ্ট্রীয় ঘ. নীতিগত উ: ঘ

১০১. আন্তর্জাতিক অর্থায়নের ভিত্তি স্থাপনে ব্রেটন উড্স (Bretton Woods) সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়েছিল?
ক. নেদারল্যান্ডস খ. নিউইয়র্ক
গ. নিউ হ্যাম্পশায়ার ঘ. নিউ জার্সি উ: গ

১০২. কোনটি জাতিসংঘের প্রতিষ্ঠান নয়?
ক. ইউনিসেফ খ. ইউনেস্কো
গ. ডব্লিউটিও ঘ. আইএলও উ: গ

১০৩. মাল্টিল্যাটারাল ইনভেস্টমেন্ট গ্যারান্টি এজেন্সি (MIGA) কোন সংস্থার অংশ?
ক. বিশ্বব্যাংক গ্রুপ
খ. আন্তর্জাতিক মুদ্রা তহবিল
গ. জাতিসংঘের উন্নয়ন কর্মসূচি
ঘ. এশীয় অবকাঠামো বিনিয়োগ ব্যাংক (AIIB) উ: ক

১০৪. বাংলাদেশের উন্নয়ন ধারার সবচেয়ে বড় কাঠামোগত বৈপরীত্য কোনটি?
ক. জনসংখ্যা বৃদ্ধির স্থবিরতা সত্ত্বেও জিডিপি'র দ্রুত প্রবৃদ্ধি
খ. শক্তিশালী সামষ্টিক অর্থনৈতিক সূচকের পাশাপাশি দুর্বল প্রাতিষ্ঠানিক শাসনব্যবস্থা
গ. রেমিট্যান্স বৃদ্ধি কিন্তু শ্রম অভিবাসন হ্রাস
ঘ. রপ্তানি বৃদ্ধি কিন্তু শিল্পায়ন কমে যাওয়া উ: খ

১০৫. ২০২৩ সালের এপ্রিল থেকে কোন বিদ্রোহী আধাসামরিক গোষ্ঠী সুদানের সশস্ত্র বাহিনীর বিরুদ্ধে গৃহযুদ্ধে লিপ্ত?
ক. আল শাবাব
খ. জান জাউইদ
গ. ফ্রি সুদান মুভমেন্ট
ঘ. র‍্যাপিড সাপোর্ট ফোর্স (RSF) উ: ঘ

১০৬. বিশ্ব অর্থনীতিতে 'পেপার গোল্ড' (Paper Gold) বলতে কী বোঝায়?
ক. বিশ্বব্যাংকের সুবিধালাভ
খ. বিশেষ উত্তোলন অধিকার (SDR)
গ. স্বর্ণের মানসম্পন্ন ভিত্তিতে মুদ্রা
ঘ. ঘাটতি অর্থায়ন উ: খ

১০৭. প্রাচীন 'হরিকেল জনপদটি' কোন কোন বিভাগ সমন্বয়ে গঠিত?
ক. রাজশাহী ও রংপুর খ. চট্টগ্রাম ও সিলেট
গ. রাজশাহী ও খুলনা ঘ. খুলনা ও ঢাকা উ: খ

১০৮. বাংলাদেশের দীর্ঘতম নদী কোনটি?
ক. পদ্মা খ. মেঘনা
গ. যমুনা ঘ. ব্রহ্মপুত্র উ: ক

১০৯. বাংলাদেশের মধ্যম আয়ের ফাঁদে (Middle-Income Trap) পড়ার ঝুঁকি মূলত কোন কাঠামোগত প্রতিবন্ধকতার সঙ্গে যুক্ত?
ক. কৃষি রপ্তানি হ্রাস
খ. নগর জনসংখ্যার উচ্চ ঘনত্ব
গ. প্রবাসী আয়ের ওপর নির্ভরতা বৃদ্ধি
ঘ. পুঁজি বৃদ্ধি সত্ত্বেও মোট উৎপাদনশীলতার (Total Factor Productivity) বৃদ্ধি ধীর গতির হওয়া উ: ঘ

১১০. বাংলাদেশে স্থানীয় সরকার ব্যবস্থা দুর্বল হওয়ার পেছনে সবচেয়ে বড় প্রাতিষ্ঠানিক দ্বন্দ্ব কোনটি?
ক. উপজেলা ও ইউনিয়ন পরিষদের মধ্যে দ্বৈত প্রশাসনিক কর্তৃত্ব
খ. সংবিধানে আর্থিক ক্ষমতার বিকেন্দ্রীকরণের বিধান থাকা সত্ত্বেও বাস্তবে তা কেন্দ্রীয় সরকারের হাতে অতিকেন্দ্রীভূত
গ. পৌরসভা পর্যায়ে সরকারি-বেসরকারি অংশীদারিত্বের অভাব
ঘ. দাতা সংস্থাগুলোর মধ্যে সমন্বয়হীনতা উ: খ

১১১. কোন প্রাক্তন রাষ্ট্রপ্রধান প্রথম 'ইন্দো-প্যাসিফিক' (Indo-Pacific) শব্দটি জনপ্রিয় করেন?
ক. ডোনাল্ড ট্রাম্প খ. শিনজো অ্যাবে
গ. বারাক ওবামা ঘ. জর্জ ডব্লিউ বুশ উ: খ

১১২. Habeas Corpus Writ দায়ের করা হয় সংবিধানে ____ অনুচ্ছেদ লঙ্ঘনের কারণে।
ক. ৩১ খ. ৩২
গ. ৩৪ ঘ. ৩৩ উ: ঘ

১১৩. '____' জেলায় রেল যোগাযোগ নেই।
ক. জামালপুর খ. পটুয়াখালী
গ. নাটোর ঘ. নেত্রকোণা উ: খ

১১৪. মার্কিন যুক্তরাষ্ট্র কত সালে রাশিয়ার কাছ থেকে আলাস্কা ক্রয় করেছিল?
ক. ১৮৪৬ খ. ১৮৬৭
গ. ১৮৯৮ ঘ. ১৯০৫ উ: খ

১১৫. কোনটি ব্রিকস (BRICS)-এর প্রধান লক্ষ্য?
ক. ন্যাটোর সম্প্রসারণে সহায়তা প্রদান
খ. বিশ্ব আর্থিক প্রতিষ্ঠানগুলোর সংস্কার পূর্বক উদীয়মান অর্থনৈতিক দেশগুলোর স্বার্থরক্ষা
গ. ইউরোপের জন্য একক মুদ্রা প্রতিষ্ঠা করা
ঘ. জি-৭ এর সদস্য সংখ্যা বৃদ্ধি উ: খ

১১৬. মিয়ানমারে পরিচালিত স্ক্যাম সেন্টারগুলো মোকাবিলায় সম্প্রতি কোন দেশ 'স্ক্যাম সেন্টার স্ট্রাইক ফোর্স' চালু করেছে?
ক. রাশিয়া খ. চীন
গ. মার্কিন যুক্তরাষ্ট্র ঘ. থাইল্যান্ড উ: গ

১১৭. কাগজের প্রধান রাসায়নিক উপাদান কোনটি?
ক. লিগনিন খ. রেজিন
গ. হেমি সেলুলোজ ঘ. সেলুলোজ উ: ঘ

১১৮. ঘূর্ণিঝড় 'সিডর' ও 'আইলা' বাংলাদেশে আঘাত হানে ____ এবং ____ সালে।
ক. ২০০৭, ২০০৮ খ. ২০০৮, ২০০৯
গ. ২০০৭, ২০০৯ ঘ. ২০০৭, ২০০৬ উ: গ

১১৯. 'বিশ্ব বাণিজ্য সংস্থা' (WTO) প্রতিষ্ঠিত হয়েছিল ____ চুক্তির মাধ্যমে।
ক. ব্রেটন উডস খ. লিসবন
গ. জেনেভা ঘ. মারাকেশ উ: ঘ

১২০. বাংলাদেশের বাইরে প্রথম শহিদ মিনার স্থাপিত হয় ____ ।
ক. যুক্তরাজ্যে খ. যুক্তরাষ্ট্রে
গ. ভারতে ঘ. পাকিস্তানে উ: ক

১২১. কোন আদালতের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করা যায় না?
ক. অর্থ ঋণ আদালত
খ. আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুনাল
গ. সামরিক আদালত
ঘ. সুপ্রিম কোর্টের হাইকোর্ট ডিভিশন উ: গ

১২২. সংস্কার কমিশন নতুন সংস্কার প্রস্তাবে বাংলাদেশ সংসদের উচ্চ কক্ষে ____ টি আসন প্রস্তাব করে।
ক. ২৫ খ. ৫০
গ. ৭৫ ঘ. ১০০ উ: ঘ

১২৩. বাংলাদেশ ____ সাল থেকে গ্রীষ্মকালীন অলিম্পিকে অংশগ্রহণ করে আসছে।
ক. ১৯৮৫ খ. ১৯৮৪
গ. ১৯৮৬ ঘ. ১৯৮৩ উ: খ

১২৪. আফ্রিকান উন্নয়ন ব্যাংকের সদর দপ্তর ____ অবস্থিত।
ক. নাইরোবি খ. আবিদজান
গ. আদ্দিস আবাবা ঘ. লাগোস উ: খ

১২৫. বাংলাদেশের সংবিধান কার্যকর হয়-
ক. ১৬ ডিসেম্বর, ১৯৭১ খ. ১৬ ডিসেম্বর, ১৯৭২
গ. ২৬ মার্চ, ১৯৭২ ঘ. ২৬ মার্চ, ১৯৭৩ উ: খ

১২৬. বাংলাদেশের সংবিধানের রক্ষাকর্তা কে?
ক. প্রধান বিচারপতি খ. প্রধানমন্ত্রী
গ. সেনাবাহিনী প্রধান ঘ. রাষ্ট্রপতি উ: ক

১২৭. কোন এলাকাটি বাংলাদেশের মুক্তিযুদ্ধকালীন জনযুদ্ধে ক্যাপ্টেন (অব:) আব্দুল হালিম চৌধুরীর দ্বারা গঠিত আঞ্চলিক বাহিনীর আওতাধীন এলাকা ছিল না?
ক. ধামরাই খ. কেরানীগঞ্জ
গ. কালিয়াকৈর ঘ. সাভার উ: খ

১২৮. বাংলাদেশের পদ্মা ও যমুনা নদীর শাখা নদীগুলো কোনগুলো?
ক. গড়াই ও মধুমতী খ. মহানন্দা ও বংশী
গ. মহানন্দা ও আত্রাই ঘ. গড়াই ও ধলেশ্বরী উ: ঘ

১২৯. কোন বিষয়টি মুদ্রাপাচারের অন্তর্ভুক্ত নয়?
ক. রপ্তানি পণ্যের অবমূল্যায়ন
খ. আমদানি পণ্যের অধিক মূল্য নির্ধারণ
গ. আয়কর ফাঁকি দেওয়া
ঘ. অবৈধ চ্যানেলে বিদেশে টাকা পাঠানো উ: গ

১৩০. কোন ভূ-রাজনৈতিক তত্ত্ব বিশ্ব আধিপত্যের চাবিকাঠি হিসাবে ইউরেশিয়ার নিয়ন্ত্রণকে সমর্থন করে?
ক. হার্টল্যান্ড তত্ত্ব খ. ডমিনো তত্ত্ব
গ. রিমল্যান্ড তত্ত্ব ঘ. কন্টেইনমেন্ট তত্ত্ব উ: ক

১৩১. কোন দুটি দেশ সম্প্রতি ন্যাটোতে (NATO) যোগদান করেছে, যা ইউরোপের নিরাপত্তা পরিস্থিতিকে নতুন রূপ প্রদান করেছে?
ক. অস্ট্রেলিয়া এবং সুইজারল্যান্ড
খ. ইউক্রেন এবং জর্জিয়া
গ. সুইডেন এবং ফিনল্যান্ড
ঘ. মলদোভা এবং বেলারুশ উ: গ

১৩২. ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে ইফাদ (IFAD), SDG এর কোন দুটি লক্ষ্যমাত্রা নিয়ে কাজ করে?
ক. ৭ ও ৯ খ. ১১ ও ১৩
গ. ৩ ও ৬ ঘ. ১ ও ২ উ: ঘ

১৩৩. ডলারের বিপরীতে টাকার অবমূল্যায়নের অন্যতম প্রভাব কী?
ক. বিদেশে বিনিয়োগে উৎসাহ প্রদান
খ. তারল্য সংকট কাটিয়ে উঠা
গ. খেলাপী ঋণের পরিমাণ কমিয়ে আনা
ঘ. রপ্তানি বাড়ানো উ: ঘ

১৩৪. বাংলাদেশের অর্থনৈতিক নীতি ও উন্নয়ন পরিকল্পনা অনুমোদনের সর্বোচ্চ কর্তৃপক্ষ কোনটি?
ক. পরিকল্পনা কমিশন
খ. অর্থ মন্ত্রণালয়
গ. পরিকল্পনা মন্ত্রণালয়
ঘ. জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি উ: ঘ

১৩৫. চীনের উদ্যোগে চালু করা 'বেল্ট অ্যান্ড রোড ইনিশিয়েটিভ' (BRI)-এর প্রাথমিক লক্ষ্য কী?
ক. একটি নতুন আন্তর্জাতিক মুদ্রা প্রতিষ্ঠা করা
খ. নৌ ঘাঁটির মাধ্যমে বিশ্বব্যাপী অর্থনৈতিক সম্প্রসারণ
গ. বিশ্বব্যাপী অর্থনৈতিক উন্নয়নে অর্থায়ন
ঘ. বাণিজ্য এবং অবকাঠামোর একটি বিশ্বব্যাপী নেটওয়ার্ক তৈরি করা
উ: ঘ

১৩৬. মার্কিন যুক্তরাষ্ট্রের নেতৃত্বাধীন 'অ্যাকাস' (AUKUS) চুক্তির প্রাথমিক লক্ষ্য কী?
ক. অর্থনৈতিক সহযোগিতা
খ. সামরিক সহযোগিতা
গ. পরিবেশ সুরক্ষা
ঘ. মহাকাশ গবেষণা সহযোগিতা উ: খ

১৩৭. জলবায়ু কূটনীতিতে 'Common but Differentiated Responsibilities (CBDR)' নীতি প্রথম কোথায় স্বীকৃত হয়েছিল?
ক. রিও ঘোষণা খ. কিয়োটো প্রোটোকল
গ. প্যারিস চুক্তি ঘ. স্টকহোম ঘোষণা উ: ক

১৩৮. শ্রমনির্ভর অর্থনীতি থেকে উৎপাদন ভিত্তিক অর্থনীতিতে রূপান্তরের পথে বাংলাদেশের সবচেয়ে বড় বাধা কোনটি?
ক. শিল্পাঞ্চলের অভাব
খ. রাজনৈতিক অস্থিরতা
গ. দক্ষ মানবসম্পদের ঘাটতি এবং শিক্ষার সঙ্গে কর্মক্ষেত্রের অসামঞ্জস্য
ঘ. ক্ষুদ্রঋণের স্বল্পতা উ: গ

**১৩৯. বাংলাদেশ সরকার এবং পিসিজেএসএস (PCJSS)-এর মধ্যে পার্বত্য চট্টগ্রাম শান্তিচুক্তি কবে স্বাক্ষরিত হয়েছিল?**
ক. ০৪ ডিসেম্বর, ১৯৯৫ খ. ০৬ নভেম্বর, ১৯৯৮
গ. ০২ ডিসেম্বর, ১৯৯৭ ঘ. ০৭ ডিসেম্বর, ১৯৯৮ উ: গ

**১৪০. কোন সংস্থা বাংলাদেশের GDP হিসাব করে?**
ক. বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
খ. বাংলাদেশ ব্যাংক
গ. অর্থ বিভাগ
ঘ. বাংলাদেশ পরিকল্পনা কমিশন উ: ক

**১৪১. অপারেশন '___' লোহিত সাগরে হুথি (Houthi) হামলার জবাবে মার্কিন নেতৃত্বাধীন সামুদ্রিক নিরাপত্তা উদ্যোগ।**
ক. ডেজার্ট স্টর্ম খ. এন্ডিউরিং ফ্রিডম
গ. ব্লু হেলমেট ঘ. প্রসপারিটি গার্ডিয়ান উ: ঘ

**১৪২. বাংলাদেশে রপ্তানী আয়ের প্রধান উৎস কোনটি?**
ক. জনশক্তি রপ্তানী
খ. তৈরি পোশাক রপ্তানী
গ. জাতিসংঘ শান্তি মিশনে শান্তিরক্ষী প্রেরণ
ঘ. চামড়া জাতীয় পণ্য রপ্তানী উ: খ

**১৪৩. কোন ফসলটি রপ্তানী বহুমুখীকরণে সম্ভাবনাময়?**
ক. আউশ ধান খ. তেলবীজ
গ. পাট ঘ. আলু উ: গ

**১৪৪. উত্তর কোরিয়া ও দক্ষিণ কোরিয়ার মধ্যকার বিভক্তকারী রেখা হলো ___ উত্তর অক্ষাংশ।**
ক. ৩৮° খ. ৩৪°
গ. ৪৯° ঘ. ২৩.৫০° উ: ক

**১৪৫. '____' ব্রিকস (BRICS) কর্তৃক অবকাঠামো এবং টেকসই উন্নয়ন প্রকল্পের অর্থায়নের লক্ষ্যে প্রতিষ্ঠিত হয়।**
ক. NDB খ. ADB
গ. AIIB ঘ. IMF উ: ক

**১৪৬. বাংলাদেশের সর্বশেষ সিটি কর্পোরেশন কোনটি?**
ক. ঢাকা উত্তর খ. কুমিল্লা
গ. ময়মনসিংহ ঘ. রংপুর উ: গ

**১৪৭. ভঙ্গিল পর্বত, আগ্নেয় পর্বত ও স্তূপ পর্বতের উদাহরণ যথাক্রমে-**
ক. রকি, ভিসুভিয়াস, ব্ল্যাক ফরেস্ট
খ. হিমালয়, আল্পস, রকি
গ. হিমালয়, রকি, বিন্দা
ঘ. আল্পস, হেনরী, ফুজিয়ামা উ: ক

**১৪৮. দুর্যোগ ব্যবস্থাপনার প্রথম ধাপ কোনটি?**
ক. উদ্ধার খ. পুনর্বাসন
গ. পুনর্গঠন ঘ. প্রস্তুতি উ: ঘ

**১৪৯. কোন জলবায়ু চুক্তির অধীনে 'সবুজ জলবায়ু তহবিল' বা Green Climate Fund প্রতিষ্ঠা করা হয়েছিল?**
ক. ক্যানকুন চুক্তি খ. প্যারিস চুক্তি
গ. কিয়োটো প্রোটোকল ঘ. কোপেনহেগেন চুক্তি উ: ক

**১৫০. প্রত্যয়ন বায়ু উত্তর গোলার্ধে ___ দিক থেকে ___ দিকে প্রবাহিত হয়?**
ক. পূর্ব, পশ্চিম খ. দক্ষিণ-পশ্চিম, উত্তরপূর্ব
গ. উত্তর, দক্ষিণ ঘ. উত্তর, পশ্চিম উ: ক

**১৫১. বায়ুমণ্ডল ও মহাশূন্যের মধ্যবর্তী রেখাটির নাম কী?**
ক. বিষুবরেখা খ. ট্রপোপজ
গ. কারমান লাইন ঘ. কলোরাডো লাইন উ: গ

**১৫২. এভারেস্ট শৃঙ্গের তিব্বতী ও চীনা নাম কী কী?**
ক. দালাইলামা এবং চিংলু খ. চোমোলাংমা এবং কোমোলাংমা
গ. কোমোলাংমা এবং চিংলু ঘ. চোমোলাংমা এবং এলবার্গ উ: খ

**১৫৩. সাধারণের দৃষ্টিতে কোনটি মূল্যবোধ সম্পন্ন শাসন ব্যবস্থার বৈশিষ্ট্য?**
ক. আইনের নির্বাচনী প্রয়োগ খ. নাগরিকের অংশগ্রহণ
গ. কর্তৃত্ববাদ ঘ. গোপনীয়তা উ: খ

**১৫৪. জীবনের তিনটি শ্রেষ্ঠ মূল্যবোধ কী কী?**
ক. সম্পদ, ক্ষমতা ও সদগুণ খ. সত্য, আনন্দ ও সদগুণ
গ. সত্য, সুন্দর ও সদগুণ ঘ. আনন্দ, বিবেক ও সাহস উ: গ

**১৫৫. স্বচ্ছতা কেন সু-শাসন সম্পর্কে নাগরিকের ধারণাকে উন্নত ও স্বচ্ছ করে?**
ক. এটি প্রশাসনিক চাপ বাড়ায়
খ. এটি রাজনৈতিক প্রতিযোগিতা কমায়
গ. এটি জনগণের নজরদারি ও সচেতন মূল্যায়নের জন্য সুযোগ দেয়
ঘ. উপরের সবগুলো উ: গ

**১৫৬. কোনটি মূল্যবোধের সারসত্তাকে প্রতিফলিত করে?**
ক. কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত নিয়ম
খ. নৈতিক নির্দেশ ছাড়া প্রথা ও ঐতিহ্য
গ. নৈতিক আচরণ নির্দেশক বিশ্বাস ও নীতি
ঘ. সামাজিক শৃঙ্খলার আইনি বাধ্যবাধকতা উ: গ

**১৫৭. সাংস্কৃতিক মূল্যবোধগুলো বেশি উদ্ভূত হয় 'সামাজিক ______' থেকে।**
ক. আচরণ খ. বৈষম্য
গ. প্রথা ঘ. নীতি উ: গ

**১৫৮. শাসন ব্যবস্থায় মূল্যবোধ প্রাতিষ্ঠানিক করার সবচেয়ে কার্যকর কৌশল কোনটি?**
ক. ঘন ঘন আইনের সংস্কার
খ. নিয়মিত বেতন বৃদ্ধি
গ. নৈতিক শিক্ষা ও প্রাতিষ্ঠানিক শিক্ষার সমন্বয়
ঘ. আমলাতান্ত্রিক নিয়ন্ত্রণ বৃদ্ধি উ: গ

**১৫৯. মূল্যবোধ ও সুশাসনের উপস্থিতি জাতীয় উন্নয়নের কোন দিকটিকে বেশি টেকসই করে তোলে?**
ক. স্বল্পমেয়াদি প্রবৃদ্ধি খ. অবকাঠামো নির্মাণ
গ. মানব সম্পদ উন্নয়ন ঘ. আমলাতান্ত্রিক নিয়ন্ত্রণ উ: গ

**১৬০. মূল্যবোধ ও শাসনের মধ্যে সম্পর্ক হলো-**
ক. নৈতিক নীতি, নিয়ম ও রাজনৈতিক নির্দেশ মানা
খ. নৈতিক নীতি, স্বচ্ছতা ও সামাজিক দায়বদ্ধতা
গ. স্তরবিন্যাস, স্বচ্ছতা ও ঐতিহ্য
ঘ. নৈতিকতা ছাড়া প্রশাসনিক দক্ষতা উ: খ

**১৬১. টেকসই উন্নয়নের জন্য সু-শাসন অপরিহার্য কারণ এটি-**
ক. দ্রুত শিল্পায়ন নিশ্চিত করে
খ. অর্থনৈতিক প্রবৃদ্ধি ও সামাজিক ন্যায়ের ভারসাম্য রক্ষা করে
গ. জনসংখ্যা হ্রাস করে
ঘ. রাজনৈতিক দ্বন্দ্ব দূর করে উ: খ

**১৬২. দুর্বল শাসন ব্যবস্থায় উন্নয়ন প্রকল্প ব্যর্থ হয় কারণ-**
ক. সম্পদের অভাব
খ. নাগরিকের বিরোধিতা
গ. সিদ্ধান্ত গ্রহণে স্বচ্ছতা ও সততার অভাব
ঘ. প্রযুক্তির অভাব উ: গ

**১৬৩. কোনটি সুশাসনের অনুপস্থিতিতে সমাজ যে 'hidden cost' বহন করে তার উৎকৃষ্ট উদাহরণ?**
ক. কর আদায়ের হার বৃদ্ধি খ. মেধা পাচার
গ. অবকাঠামো সম্প্রসারণ ঘ. রপ্তানি আয় বৃদ্ধি উ: খ

**১৬৪. বিশ্বব্যাংক বর্ণিত সুশাসন সূচকে কোনো দেশের সূচক ০.০০ হলে, সে দেশের সু-শাসনের অবস্থা কী বলে পরিগণিত হবে?**
ক. নিচু মানের খ. উচু মানের
গ. মাঝারি মানের ঘ. কোনোটিই নয় উ: গ

**১৬৫. গণতান্ত্রিক ব্যবস্থার ফলপ্রসূতার জন্য অগ্রাধিকার পাবে ____ ।**
ক. আইনসমূহ খ. টাকা
গ. গুণগত শিক্ষা ঘ. অবকাঠামোগত সুবিধাসমূহ উ: গ

**১৬৬. কোনটি সুশাসনের আদর্শকে সবচেয়ে ভালোভাবে প্রকাশ করে?**
ক. এটি শুধুমাত্র পরিমাপযোগ্য ফলাফলের উপর নির্ভরশীল
খ. এটি মূল্যবোধ-নিরপেক্ষ
গ. এটি নৈতিক মানদন্ড ও জনস্বার্থ দ্বারা পরিচালিত
ঘ. এটি কেবল অর্থনৈতিক প্রবৃদ্ধিকে অগ্রাধিকার দেয় উ: গ

**১৬৭. সুশাসন কোন বিষয়টির প্রতিশ্রুতি দেয়?**
ক. শুধুমাত্র কঠোর আইন প্রয়োগের
খ. রাজনৈতিক প্রাধান্য ও প্রশাসনিক নিয়ন্ত্রণের
গ. সংস্কার ছাড়া ঐতিহ্য সংরক্ষণের
ঘ. স্বচ্ছতা, জবাবদিহিতা ও নৈতিক নের্তৃত্বের উ: ঘ

**১৬৮. কোনটি মানুষকে লক্ষ্যবস্তুর দিকে পরিচালিত করে?**
ক. প্রয়োজন খ. প্রেষণা
গ. ইচ্ছা ঘ. শারীরিক শক্তি উ: খ

**১৬৯. একজন টাইপ-১ ডায়াবেটিক রোগীর ক্ষেত্রে কোন বক্তব্যটি সঠিক?**
ক. নির্দিষ্ট কোষের ইনসুলিন প্রতিরোধিতা
খ. বিটা কোষগুলির অটো-ইমিউন ধ্বংসের কারণে অগ্ন্যাশয় অপর্যাপ্ত ইনসুলিন তৈরি করে
গ. অগ্ন্যাশয়ের আলফা কোষ দ্বারা গ্লুকাগনের অতিরিক্ত উৎপাদন
ঘ. প্রো-ইনসুলিন থেকে ইনসুলিনে রূপান্তরে ত্রুটি উ: খ

**১৭০. কোনটির দেহে নিউক্লিয়াস ও সাইটোপ্লাজম নেই?**
ক. শৈবাল খ. ছত্রাক
গ. ভাইরাস ঘ. ব্যাকটেরিয়া উ: গ

**১৭১. কোন টিস্যু পেশীকে হাড়ের সাথে সংযুক্ত রাখে?**
ক. তরুণাস্থি খ. লিগামেন্ট
গ. টেন্ডন ঘ. অ্যারিওলার টিস্যু উ: গ

**১৭২. লিথিয়াম-আয়ন ব্যাটারির সম্পর্কে কোন বিবৃতিটি মিথ্যা?**
ক. Ni-Cd ব্যাটারির তুলনায় এদের শক্তির ঘনত্ব বেশি
খ. এতে লিথিয়াম কোবাল্ট অক্সাইড ক্যাথোড ব্যবহার করা হয়
গ. মেমোরি এফেক্ট-এর কারণে এদের পর্যায়ক্রমিক ডিসচার্জের প্রয়োজন হয়
ঘ. এখানে অতিরিক্ত চার্জিং-এর ফলে আগুন লাগতে পারে উ: গ

**১৭৩. ভাইরাস সম্পর্কে কোন বিবৃতিটি সঠিক?**
ক. এদের যেকোনো সিনথেটিক নিউট্রিয়েন্ট মিডিয়ামে কালচার করা যায়
খ. এদের জেনেটিক উপাদান হিসেবে ডিএনএ এবং আরএনএ থাকে
গ. এরা এক ধরনের অন্তঃকোষীয় পরজীবী
ঘ. ভাইরাস হলো অণুবীক্ষণিক জীবন্ত প্রাণী উ: গ

**১৭৪. 'এপিকালচার' কোন বিষয় নিয়ে আলোচনা করে?**
ক. গুটিপোকা এবং রেশম খ. মৌমাছি এবং মধু
গ. মৎস্য চাষ ঘ. তামাক চাষ উ: খ

**১৭৫. জেমস ওয়েব স্পেস টেলিস্কোপ (JWST) মূলত তড়িৎ-চুম্বকীয় বর্ণালীর কোন অংশে মহাবিশ্ব পর্যবেক্ষণ করার জন্য ডিজাইন করা হয়েছে?**
ক. অবলোহিত অঞ্চল
খ. দৃশ্যমান এবং নিকট-অবলোহিত অঞ্চল
গ. অতিবেগুনী এবং দৃশ্যমান অঞ্চল
ঘ. এক্স-রে এবং গামা-রে অঞ্চল উ: ক

**১৭৬. পরমাণু চুল্লিতে সচরাচর কোন জ্বালানি ব্যবহার করা হয়?**
ক. ইউরেনিয়াম-২৩৫ খ. ইউরেনিয়াম-২৩৮
গ. থোরিয়াম-১৩২ ঘ. প্লুটোনিয়াম-২৪০ উ: ক

**১৭৭. কোন বাঙালি বিজ্ঞানী কৃষ্ণগহ্বর নিয়ে গবেষণা করেছেন?**
ক. ড. কুদরত-ই-খুদা খ. কাজী মোতাহার হোসেন
গ. জামাল নজরুল ইসলাম ঘ. অতীশ দীপংকর উ: গ

**১৭৮. বস্তুর ওজন পৃথিবীর কোন স্থানে সবচেয়ে বেশি?**
ক. মেরু অঞ্চল খ. নিরক্ষীয় অঞ্চল
গ. একটি পাহাড়ের চূড়ায় ঘ. পৃথিবীর কেন্দ্রে উ: ক

**১৭৯. একটি NPN ট্রানজিস্টরে, প্রধান চার্জ বাহক হলো-**
ক. হোল খ. ইলেকট্রন
গ. প্রোটন ঘ. আয়ন উ: খ

**১৮০. কোনটি মাইক্রোওয়েব ওভেনের কার্যনীতিকে সর্বোত্তমভাবে বর্ণনা করতে পারে?**
ক. উচ্চ তাপ বিকিরণ এবং খাদ্য কণাগুলিতে পরিবহন
খ. খাদ্য কণাগুলিতে ইনফ্রারেড বিকিরণ এবং শোষণ
গ. পানির অণুগুলির ইন্ডাকশন হিটিং
ঘ. ঘূর্ণনের কারণে ডাই-ইলেকট্রিক হিটিং উ: ঘ

**১৮১. MRI কোন নীতিতে কাজ করে?**
ক. শরীরের ত্রি-মাত্রিক চিত্র তৈরি করতে এক্স-রে ব্যবহার করে
খ. উচ্চ ফ্রিকোয়েন্সি শব্দ তরঙ্গ ব্যবহার করে ইমেজ তৈরির মাধ্যমে
গ. শক্তিশালী চুম্বক এবং রেডিও তরঙ্গ ব্যবহার করে ইমেজ তৈরির মাধ্যমে
ঘ. তেজস্ক্রিয় ট্রেসার দ্বারা নির্গত গামা-রে সনাক্তের মাধ্যমে উ: গ

১৮২. গ্রে হাইড্রোজেন-এর তুলনায় গ্রিন-হাইড্রোজেনের সুবিধা হলো-
ক. এটি উৎপাদন করা সস্তা
খ. এতে কার্বন নিঃসরণ প্রায় শূন্য হয়
গ. এটি সংরক্ষণ এবং পরিবহন করা সহজ
ঘ. প্রতি একক আয়তনে এর শক্তি ঘনত্ব বেশি উ: খ

১৮৩. কোভিড-১৯ এর জন্য তৈরি টিকা কীভাবে কাজ করে?
ক. রোগ প্রতিরোধ ক্ষমতা উদ্দীপিত করার জন্য দুর্বল ভাইরাসের একটি রূপ প্রবর্তন করে
খ. পরিশোধিত ভাইরাস প্রোটিনের সাব-ইউনিট প্রবিষ্ট করানোর মাধ্যমে
গ. হোস্ট কোষে জেনেটিক উপাদান বহন করার জন্য একটি ভাইরাস ঘটিত বাহক ব্যবহার করে
ঘ. mRNA সরবরাহ করে যা হোস্ট কোষগুলোকে একটি ভাইরাস প্রোটিন তৈরির নির্দেশ দেয় উ: খ,ঘ

১৮৪. পারমাণবিক চুল্লিতে মডারেটরের প্রাথমিক কাজ হলো-
ক. অতিরিক্ত নিউট্রন শোষণ এবং চেইন বিক্রিয়া নিয়ন্ত্রণ
খ. চুল্লির কেন্দ্রে উৎপন্ন তাপ স্থানান্তর করে শীতল করা
গ. দ্রুতগতি সম্পন্ন নিউট্রনগুলোকে ধীরগতি করে ফিশনের সম্ভাবনা বাড়ানো
ঘ. ক্ষতিকারক গামা বিকিরণ থেকে সুরক্ষা প্রদান উ: গ

১৮৫. আপনার পার্সোনাল কম্পিউটারে (পিসি) কোন একটি প্রোগ্রাম এর কর্মদক্ষতা (Performance) বৃদ্ধির জন্য কোন কাজটি করা সর্বোত্তম হবে বলে আপনি মনে করেন?
ক. প্রোগ্রামটির জন্য এমন একটা এলগরিদম তৈরি করা যা asymptotically faster
খ. পিসির configuration উন্নত করা
গ. খুব দ্রুত গতির I/O devices লাগানো
ঘ. খ এবং গ উভয়ই উ: ক

১৮৬. কোনটি ই-কমার্সের প্লাটফর্ম হিসাবে কাজ করতে পারে?
ক. Facebook খ. Amazon
গ. YouTube ঘ. All of the above উ: ঘ

১৮৭. ক্লাউড কম্পিউটিং কোন পরিষেবা প্রদান করে?
ক. শুধুমাত্র লোকাল স্টোরেজ খ. ভার্চুয়াল কম্পিউটিং রিসোর্সেস
গ. শুধুমাত্র ভার্চুয়াল স্টোরেজ ঘ. উপরের সবগুলো উ: ঘ

১৮৮. ডেটাবেস হলো-
ক. তথ্য রাখার হার্ডওয়্যারসমূহ
খ. তথ্য রাখার প্রোগ্রামসমূহ
গ. তথ্যসমূহের সুসঙ্গঠিত রূপ
ঘ. তথ্য স্থানান্তরের জন্য ইন্টারনেট পরিষেবা উ: গ

১৮৯. HTTPS কোন বৈশিষ্ট্য HTTP-এর সাথে যোগ করে?
ক. Secutiry খ. Standardization
গ. Software ঘ. Sense উ: ক

১৯০. OCR ___ থেকে ___ এ রূপান্তরের জন্য ব্যবহার করা হয়।
ক. অডিও হতে টেক্সট খ. ইমেজ হতে টেক্সট
গ. ভিডিও হতে টেক্সট ঘ. বাইনারি হতে ডেসিমেল উ: খ

১৯১. GHz কীসের একক?
ক. মেমোরির আকার খ. প্রসেসরের গতি
গ. তথ্য স্থানান্তরের গতি ঘ. তথ্য উৎপাদনের পরিমাণ উ: খ

১৯২. Transmission Control Protocol (TCP) OSI রেফারেন্স মডেলের কোন লেয়ারের প্রোটোকল?
ক. অ্যাপ্লিকেশন লেয়ার খ. নেটওয়ার্ক লেয়ার
গ. ট্রান্সপোর্ট লেয়ার ঘ. ডেটালিঙ্ক লেয়ার উ: গ

১৯৩. স্মার্টফোনে GPS ব্যবহারের জন্য কোনটি প্রয়োজন?
ক. DHCP খ. Accelerometer
গ. Gyroscope ঘ. Satellite Signal উ: ঘ

১৯৪. কম্পিউটার সায়েন্সে Trojan Horse একটি-
ক. ছবি এডিট করার সফটওয়্যার
খ. অপারেটিং সিস্টেম
গ. প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজ
ঘ. ম্যালওয়ার উ: ঘ

১৯৫. 0x1234 সংখ্যার বাইনারিরূপ কোনটি?
ক. 001010011100 খ. 0010010010100
গ. 1110101111001011 ঘ. 0001001000110100 উ: ঘ

১৯৬. মোবাইল ফোন অপারেটররা কোন অ্যালগরিদম ব্যবহার করে লোকেশন ট্র্যাক করে?
ক. Shortest Path খ. Triangulation
গ. Nearest-neighbour ঘ. Encryption উ: খ

১৯৭. একটা 4-bit বাইনারি সিস্টেমে শূন্য এর 2's complement এর ডেসিম্যাল মান কত হবে?
ক. ১৬ খ. ০
গ. ১৫ ঘ. কোনোটিই নয় উ: খ

১৯৮. 'Pixel' দ্বারা কী বুঝায়?
ক. Pixie land খ. Person length
গ. Pixure length ঘ. Picture element উ: ঘ

১৯৯. কোনটি কম্বিনেশনাল লজিক সার্কিট নয়?
ক. রেজিস্টার খ. ডিকোডার
গ. মাল্টিপ্লেক্সার ঘ. NAND গেট উ: ক

২০০. আন্তর্জাতিক নিরাপত্তা আলোচনায় নিচের কোন সাইবার হুমকিটি ক্রমবর্ধমানভাবে তাৎপর্যপূর্ণ হয়ে উঠেছে?
ক. ফিশিং (Phishing)
খ. স্প্যাম ইমেইল (Spam e-mail)
গ. র‍্যানসমওয়্যার অ্যাটাক (Ransomware Attack)
ঘ. পরিচয় চুরি (Identity Theft) উ: গ